গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ
নার্সিং শিক্ষা শাখা
www.mefwd.gov.bd

স্মারক নং: ৫৯.০০.০০০০.১৪৩.৯৯.০০২.১৭-৩০০ তারিখ: ২৬ অগ্রহায়ণ, ১৪৩০ / ১১ ডিসেম্বর, ২০২৩

বিষয়ঃ সুন্দরপুর মডেল ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্র, দিনাজপুর পরিদর্শন প্রতিবেদন

সূত্রঃ এ বিভাগের নার্সিং শিক্ষা শাখার স্মারক নং-৫৯.০০.০০০০.১৪৩.৯৯.০০৮.২৩.২৯১; তারিখঃ ০৪/১২/২০২৩ খ্রি.


উপর্যুক্ত বিষয় ও সুত্রোস্থ স্মারকের পরিপ্রেক্ষিতে গত ০৯/১২/২০২৩ তারিখে নিম্নস্বাক্ষরকারী কর্তৃক সুন্দরপুর মডেল ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্র, দিনাজপুর পরিদর্শন করা হয়। পরিদর্শনকালে উপপরিচালক (পরিবার পরিকল্পনা), দিনাজপুর, সহকারী পরিচালক (পরিবার পরিকল্পনা), দিনাজপুর, পরিবার পরিকল্পনা অফিসার, দিনাজপুর সদর, মেডিকেল অফিসার, দিনাজপুর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স এবং সুন্দরপুর মডেল ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রের অন্যান্য কর্মকর্তা/কর্মচারী উপস্থিত ছিলেন। প্রতিষ্ঠানের অবকাঠামো, জনবল, সেবাসমূহ এবং আবাসন সুবিধাদিসহ অন্যান্য প্রাসঙ্গিক বিষয়াদি সরেজমিনে পরিদর্শন করা হয়। পরিদর্শনে প্রাপ্ত তথ্যাদি নিম্নরূপঃ

১। প্রদত্ত সেবাসমূহঃ
এ কেন্দ্র হতে যে সকল সেবা প্রদান করা হয় তার তালিকা ও সিটিজেন চার্টার টাঙ্গানো ছিলো। কেন্দ্রটিতে নিয়মিত গর্ভবতী মায়েদের সেবা, গর্ভোত্তর সেবা, জন্মনিয়ন্ত্রণ পদ্ধতিসমূহ সংক্রান্ত সেবা, নবজাতক, ৫ বছরের কম বয়সী শিশু ও বয়ঃসন্ধিকালীন সেবা, ইপিআই সেবাসহ অন্যান্য পরিবার পরিকল্পনা সেবা ও স্বাস্থ্য শিক্ষা প্রদান করা হয়।

২। রেজিস্টারসমূহ পরীক্ষাঃ
পরিদর্শনকালে সাধারণ রোগী রেজিস্টার, খাবার বড়ি রেজিস্টার, ইনজেক্টেবল রেজিস্টার, গর্ভকালীন ও প্রসবোত্তর সেবা রেজিস্টার এবং কর্মকর্তা-কর্মচারীদের হাজিরা রেজিস্টার পরীক্ষা করে দেখা হয়। গর্ভকালীন ও প্রসবোত্তর সেবা রেজিস্টারে সকল রোগীদের মোবাইল নম্বর সংযুক্তকরণের বিষয়ে পরামর্শ প্রদান করা হয়। এছাড়া, প্রসবোত্তর রেজিস্টারের তথ্যের আলোকে গর্ভকালীন রেজিস্টার আপডেটের ওপর গুরুত্বারোপ করা হয়। অন্যান্য সকল রেজিস্টার নিয়মিত হালনাগাদ করা হয়।



সুন্দরপুর মডেল ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রে পরিবার কল্যাণ সেবা ও প্রচার সপ্তাহের কার্যক্রম পরিদর্শন



কেন্দ্রের ভঙ্গুর বাউন্ডারী ওয়াল দুটি বাঁশ দিয়ে ঠেকিয়ে রাখা হয়েছে

৩। কর্মচারীদের উপস্থিতিঃ

সুন্দরপুর মডেল ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রে নিয়মিত জনবল মোট ৪ জন। তন্মধ্যে ১ জন এফডব্লিএ, ১ জন স্যাকমো, ১ জন আয়া এবং ১ জন ক্লিনার রয়েছেন। সকলকে কর্মস্থলে পাওয়া গিয়েছে। তাদের হাজিরা বই পরীক্ষান্তে দেখা যায় যে, তা নিয়মিত হালনাগাদ করা হয়।

৪। গর্ভবতী মায়েদের তালিকাঃ


গর্ভবতী মায়েদের তালিকা নিয়মত নবায়ন ও হালনাগাদ করা হয়। তবে কতিপয় গর্ভবতী মায়ের টেলিফোন নম্বর রেজিস্ট্রার খাতায় পাওয়া যায়নি। ৩-৪ জন গর্ভবতী মায়ের সাথে কথা বলে জানা গেছে যে, তারা কেন্দ্রের স্বাস্থ্য সেবার বিষয়ে সন্তুষ্ট এবং কেন্দ্রে কর্মরত সকলে তাদের শারীরিক সমস্যার বিষয়ে যথেষ্ট আন্তরিক। এ কেন্দ্রে কেবল স্বাভাবিক প্রসব করানো হয়। কোন জটিলতা দেখা দিলে বা সিজারিয়ান সেকশন করার আবশ্যকতা আছে এরূপ ক্ষেত্রে উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে রোগীকে রেফার করা হয়। গর্ভবতী মা এবং জন্ম নিয়ন্ত্রণ পদ্ধতির সেবাগ্রহীতাদের ক্ষেত্রে কার্ডে নিয়মিত তথ্য লিপিবদ্ধ ও হালনাগাদ করা হয়।

৫। বিবিধ কাজঃ

সুন্দরপুর মডেল ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রের কর্মকর্তাগণ নিয়মিত মাসিক ও পাক্ষিক সভায় উপস্থিত হন। এছাড়া, এ কেন্দ্র হতে নিয়মিত রোস্টার ভিত্তিতে বাড়ী পরিদর্শন, স্যাটেলাইট ক্লিনিকে গমন এবং প্রশিক্ষণে অংশগ্রহণ করা হয়। ৮টি ওয়ার্ডের প্রতিটিতে ১টি করে স্যাটেলাইট ক্লিনিক করা হয়। তবে এ কেন্দ্রে কর্মরত এফডব্লিউএ ৪টি ক্লিনিকে সরাসরি দায়িত্ব পালন করলেও বাকী ৪টি ক্লিনিকে অতিরিক্ত দায়িত্বে রয়েছেন। স্টোর যথাযথভাবে ব্যবস্থাপনা করা হয় এবং পরিষ্কার-পরিচ্ছন্নতা রক্ষা করা হয়। কেন্দ্রে কোন ঔষধ, ইক্যুইপমেন্ট অথবা আসবাবপত্র অব্যবহৃত বা বিনষ্ট অবস্থায় পাওয়া যায়নি। আসবাবপত্রে নম্বর দেওয়া আছে এবং পরিষ্কার-পরিচ্ছন্ন অবস্থায় রাখা হয়।

৬। পরিদর্শন রেজিস্টারঃ

পরিদর্শন রেজিস্টার সংরক্ষণ করা হয়। তবে পরিদর্শনের সংখ্যা বৃদ্ধি করা প্রয়োজন মর্মে প্রতীয়মান হয়। নিম্নস্বাক্ষরকারী পরিদর্শন রেজিস্টারে নিজস্ব মতামত লিপিবদ্ধ করেন।



কেন্দ্রে কর্মরত কর্মকর্তা/কর্মচারীদের বসবাসের জন্য নির্ধারিত কোয়ার্টারের বাইরে অবস্থিত জরাজীর্ণ ওয়াশরুম



কেন্দ্রে কর্মরত কর্মকর্তা/কর্মচারীদের বসবাসের জন্য নির্ধারিত কোয়ার্টারের সিলিং ও দেয়ালের জরাজীর্ণ ও ভঙ্গুর অবস্থা

৭। সার্বিক অবস্থার উপর মন্তব্যঃ

(ক) সুন্দরপুর মডেল ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রে কর্মরত সকল কর্মকর্তা/কর্মচারী আন্তরিকতার সাথে কাজ করে যাচ্ছে। এছাড়া, সেবাগ্রহীতাদের সাথে আলাপে জানা যায় যে, সেবার মান সন্তোষজনক। কেন্দ্রে কর্মকর্তা/কর্মচারীরা নিয়মিত উপস্থিত থাকেন এবং নিয়মিত স্যাটেলাইট ক্লিনিক ও বাড়ী পরিদর্শনে গমন করেন।

(খ) গর্ভবতী মায়েদের জন্য সংরক্ষিত রেজিস্টারসহ অন্যান্য সকল রেজিস্টার নিয়মিত হালনাগাদ ও যথাযথভাবে ব্যবস্থাপনা করা হয়। তবে গর্ভবতী মায়েদের রেজিস্টারে মায়েদের বা নিকটাত্মীয়ের টেলিফোন নম্বর আবশ্যিকভাবে সংরক্ষণ করতে হবে। এছাড়া, প্রসব পরবর্তী ফলাফল প্রসবোত্তর সেবা রেজিস্টারের পাশাপাশি গর্ভকালীন রেজিস্টারে আপডেট করতে হবে যাতে একজন মায়ের গর্ভসংক্রান্ত সকল তথ্যাদি এক স্থানে লিপিবদ্ধ থাকে।

(গ) কেন্দ্রের অবকাঠামো পরীক্ষায় দেখা যায় যে, কেন্দ্রের এক পাশে অবস্থিত বাউন্ডারী ওয়াল ভঙ্গুর অবস্থায় বিদ্যমান এবং বাঁশের সাহায্যে দাড় করিয়ে রাখা হয়েছে। এছাড়া, সুনির্দিষ্ট বাউন্ডারী ওয়াল না থাকায় প্রায়শই বাইরের লোকজন কেন্দ্রের বাইরে আড্ডা দেয় যা কেন্দ্রের পরিবেশ নষ্ট করছে। কেন্দ্রের বাউন্ডারী ওয়াল মেরামতের লক্ষ্যে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষ বরাবর অতি সত্বর আবেদন জানাতে হবে।

(ঘ) কেন্দ্রে কর্মরত কর্মকর্তা/কর্মচারীদের বসবাসের জন্য নির্মিত কোয়ার্টারের অবস্থা অত্যন্ত জরাজীর্ণ ও ভঙ্গুর। এছাড়া, কোয়ার্টারের ভেতরে কোন ওয়াশরুম না থাকায় কোয়ার্টারের বাসিন্দাদের বাইরে অস্থায়ীভাবে স্থাপিত ওয়াশরুম ব্যবহার করতে হয়। ফলশ্রুতিতে, কেন্দ্রের কর্মীগণ ও তাদের পরিবার অত্যন্ত মানবেতর জীবনযাপন করছেন। কোয়ার্টারের দরজা জানালাসহ দেয়াল মেরামত এবং কোয়ার্টারের ভেতরে ওয়াশরুম স্থাপনের লক্ষ্যে জরুরী ভিত্তিতে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।

(ঙ) প্রযোজ্য ক্ষেত্রে, কেন্দ্রের সকল নির্মাণ ও মেরামতের বিষয়সমূহ ফিজিক্যাল ফ্যাসিলিটিস ডেভেলপমেন্ট (পিএফডি) ওপির আওতায় অন্তর্ভুক্তিকরণের লক্ষ্যে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ বরাবর আবেদন জানাতে হবে।

সাইনী আজিজ
সিনিয়র সহকারী সচিব
ফোনঃ ০২-৫৫১০০৯৭৯
nurs@mefwd.gov.bd

সচিব
স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ

স্মারক নং: ৫৯.০০.০০০০.১৪৩.৯৯.০০২.১৭-৩০০

তারিখ: ২৬ অগ্রহায়ণ, ১৪৩০ / ১১ ডিসেম্বর, ২০২৩

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হ'ল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। মহাপরিচালক, পরিবার পরিকল্পনা অধিদপ্তর, কারওয়ান বাজার, ঢাকা

২। যুগ্মসচিব (উন্নয়ন অনুবিভাগ), স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৩। যুগ্মসচিব (প্রশাসন অধিশাখা), স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৪। যুগ্মসচিব (নির্মাণ ও মেরামত অধিশাখা), স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৫। মোঃ সাইফুল ইসলাম, উপপরিচালক (পরিবার পরিকল্পনা), দিনাজপুর।

৬। সচিবের একান্ত সচিব, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৭। প্রোগ্রামার, কম্পিউটার সেল, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (এ বিভাগের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।

৮। যুগ্মসচিব (নার্সিং শিক্ষা অধিশাখা) এর ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।